**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 30 August 2025** **TIME: 7:35 AM**

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল আসাম রাজভবনের ব্রহ্মপুত্র শাখার উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে বলেছেন যে বিশ্বের মধ্যে পুরাতন উত্তর-পূর্বের সংস্কৃতি বিচিত্রতায় পরিপূর্ণ। মহারাজ পৃথু থেকে শুরু করে লাচিত বরফুকন পর্যন্ত , বীর চিলারায় থেকে সেনা বাহিনীতে যোগ দেওয়া জওয়ান দেশের জন্য প্রান আহুতি দেওয়া উত্তর-পূর্বাঞ্চলের বীর পুরুষরা ত্যাগের মাধ্যমে দেশের সুরক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছেন বলে তিনি উল্লেখ করেন । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এই অনুষ্ঠানস্থল থেকেই ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে দেড়গাওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে দেশের দ্বিতীয় জাতীয় সাইবার ফরেনসিক গবেষণাগারের উদ্বোধন করে বলেন যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার অনুরোধে দেশের দ্বিতীয় ফরেন্সিক গবেষণাগার আসামে স্থাপন করা হয়েছে ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ গতকাল গৌহাটিতে সীমান্ত সুরক্ষা বাহিনীর মুখ্য কার্যালয়ের পৃথক আবাসিক পরিষর এবং আই-টি-বি-পির সোনাপুরে অবস্থিত ৩৩ নম্বর ব্যাটেলিয়ানের ৩শো ৬০ জন জওয়ানের ব্যারেক আধিকারিকের ম্যাস এবং ১০টি বিছানাযুক্ত চিকিৎসালয়ের ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে উদ্বোধন করেন । একই সঙ্গে তিনি শ্রীকোনার আসাম রাইফেলসের মহাপরিদর্শকের মুখ্য কার্যালয় এবং শিলচরের খনিজ শাখারও ভার্চ্যুয়াল ব্যাবস্থায় উদ্বোধন করেন ।

৩০-৮-২৫/৭:৩৫মি:

---

এরপর শ্রী শাহ খানাপারায় প্রথম পঞ্চায়েত প্রতিনিধি সম্মিলনে অংশ গ্রহণ করেন । তিনি রাজ্যের প্রত্যেকটি প্রান্ত থেকে আসা কয়েক হাজার নির্বাচিত জাতীয় গণতান্ত্রিক মোর্চার প্রতিনিধিদের উদ্দেশ্যে ভাষণ দেন । তিনি এই সম্মিলন থেকেই ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের  প্রস্তুতি পর্যায়ের সূচনা করেন ।

এদিকে সম্মিলনে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আগামী পয়লা জানুয়ারী থেকে পঞ্চায়েত প্রতিনিধি তথা তাদের পরিবারের সদস্যদের চিকিৎসার ব্যায়ভার সরকার বহন করবে বলে ঘোষণা করেন ।

---

আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের অর্ন্তগত সখী এক্সপ্রেস প্রকল্পের অধীনে কর্মরত ৯ হাজার ৭শো ৪ জন মহিলাকে আজ স্কুটি প্রদান করা হবে । এই উপলক্ষে গৌহাটি খানাপাড়ার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত একটি কার্যসূচিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস উপস্থিত থাকবেন । এই মহিলাদের স্কুটি প্রদানের মাধ্যমে স্ব-নির্ভর গোষ্ঠীর কাজ-কর্ম তরান্বিত করা ছাড়াও তাদের জীবন যাপনের বিভিন্ন ক্ষেত্রের ব্যায় হ্রাস তথা উপার্জন বৃদ্ধির মাধ্যমে সমৃদ্ধশালী গ্রাম নির্মানের পথ প্রশস্থ করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামী পয়লা সেপ্টেম্বর অর্থাৎ সোমবার শ্রীভূমি জেলা সফর করবেন । সোমবার সকাল ১০টায় মূখ্যমন্ত্রী পাথারকান্দির আঞ্চলিক পঞ্চায়েত হাইস্কুলের খেলার মাঠে নির্মিত অস্থায়ী হেলিপ্যাডে অবতরন করবেন । এরপর তিনি পাথারকান্দিতে মন্ডল বিজেপি

কার্যালয়ের উদ্বোধন করবেন এবং পাথারকান্দি মুনডুমালা খেলার মাঠে মূখ্যমন্ত্রীর মহিলা উদ্যোমিতা অভিযানের সূচনা করে জনসভায় বক্তব্য রাখবেন । উল্লেখ্য মুখ্যমন্ত্রীর মহিলা উদ্যোমিতা অনুষ্ঠানে প্রায় ১৫ হাজার হিতাধিকারীর উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে । এরপর মুখ্যমন্ত্রী শিলচর ফিরে আসবেন ।

আগেই জানানো হয়েছে, আগামীকাল মুখ্যমন্ত্রী দুদিনের সফরসূচিতে শিলচর আসছেন।

---

যাত্রীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং দীর্ঘদিনের দাবী পূরণ করার জন্য রেল মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ স্টেশনগুলিতে বিভিন্ন এক্সপ্রেস এবং যাত্রীবাহী ট্রেনের জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলের অধীন ৩৭ টি স্টপেজের অনুমোদন দিয়েছে । এরমধ্যে বরাক উপত্যকায় আগরতলা -শিলচর-আগরতলা এক্সপ্রেসের জন্য কায়স্থগ্রাম এবং গৌহাটী-শিলচর-গৌহাটী এক্সপ্রেসের ক্ষেত্রে কাটাখাল জংশনে স্টপেজের জন্য অনুমোদন জানানো হয়েছে । এছাড়া ডিমা হাসাও জেলায় আগরতলা -আনন্দ বিহার -আগরতলা তেজস রাজধানী এক্সপ্রেসকে নিউ-হাফলং স্টেশনে এবং রঙ্গিয়া-শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেসকে নিউ হারাঙ্গাজাও স্টেশনে স্টপেজ দেওয়া হয়েছে বলে উত্তর-পূর্ব রেলের মূখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ।

---

হাইলাকান্দির খাদ্য ও সরবরাহ বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলায় আগষ্ট মাসের গন বন্টনের কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে খাদ্য সুরক্ষার কার্ড প্রতি রেশন দোকান মারফৎ শহর ও গ্রামাঞ্চলে ১২০ মিলি লিটার করে এবং হকার প্রতি ৩৯ মিলি লিটার করে নীল কেরোসিন বন্টন করা হবে ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজ তৃতীয় কোয়াটার ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি এবং ভাগা এফ সি পরস্পরের মূখোমূখি হবে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকাল অনুষ্ঠেয় চর্তুথ কোয়াটার ফাইনালের খেলায় লোকনাথপুর ইয়ং স্টার ক্লাব ও জামালপুর এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।